

হে আকাশবিহারী-নীৰদবাহন জল,
 আছিল শৈলশিখরে-শিখরে তোমার লীলাস্থল ॥
 তুমি বরনে বরনে কিরণে কিরণে প্রাতে সন্ধ্যায় অরুণে হিরণে
 দিয়েছ ভাসায়ে পবনে পবনে স্বপনতরণীদল ॥
 শেষে শ্যামল মাটির প্রেমে তুমি ভুলে এসেছিলে নেমে,
 কবে বাঁধা পড়ে গেলে যেখানে ধরার গভীর তিমিরতল ।
 আজ পাষণদুয়ার দিয়েছি টুটিয়া, কত যুগ পরে এসেছ ছুটিয়া
 নীল গগনের হারানো স্মরণ
 গানেতে সমুচ্ছল ॥

Parjaay: Bichitro, Taal: Dadra, Style: Kirtan
 Visit www.geetabitan.com for notation and other detail